

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ অধিশাখা)

স্মারক নং-৪৬.০৪২.৯০০.০০০.১৪.১২২.১৫-৪৬৬৬

তারিখঃ ২৬/১২/২০১৫।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।


সূত্র : সুনামগঞ্জ জেলা পরিষদের স্মারক নং-জেপ/সুনাম/কাশা/নিজস্ব তহবিল/২০১৪/৬৪২, তারিখঃ ৯.১১.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের আওতায় ৯.০০ লক্ষ (নয় লক্ষ) টাকায় গৃহীত ০৩টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

প্রকল্পের নাম	প্রশিক্ষণের মেয়াদ	ব্যচ সংখ্যা	মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা	পরিমাণ (লক্ষ টাকায়)
১) জেলা পরিষদ কার্যালয়ে কম্পিউটার প্রশিক্ষণ	৩ মাস	৮টি	১৪৪ জন	৩.০০
২) বেকার যুবক/যুব মহিলাদের সেলাই প্রশিক্ষণ	৪ মাস	৩টি	৬০ জন	৩.০০
৩) বেকার যুবক/যুব মহিলাদের ইলেক্ট্রিক্যাল বেসিক প্রশিক্ষণ কোর্সে (চলমান)	৩ মাস	৪টি	৮০ জন	৩.০০
				৯.০০

শর্তসমূহঃ

- ১) প্রশিক্ষণার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান;
- ২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সুনামগঞ্জ, উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসার, সদর, সুনামগঞ্জ, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, সুনামগঞ্জ এর সমন্বয়ে কমিটি গঠন;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ;
- ৪) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত কোর্স বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বেসিক আইসিটি ট্রেনিং এর কোর্স মডিউলের অনুরূপে পরিচালনা করতে হবে এবং প্রশিক্ষণার্থীগণ অন লাইনে অর্থ উপার্জনের প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারে এরূপ বিষয় কোর্স মডিউলে অন্তর্ভুক্ত হবে;
- ৫) সেলাই ও ইলেক্ট্রিক্যাল বেসিক প্রশিক্ষণ কোর্স যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা করতে হবে;
- ৬) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য সর্বোচ্চ ৫০০/ (পাঁচশত) টাকা হারে প্রদান করতে হবে;
- ৭) প্রশিক্ষণার্থীগণযেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষণার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে।
- ৮) যেহেতু আলোচ্য প্রশিক্ষণ কার্যক্রম জেলা পরিষদ আইন, ২০০০ এর ঐচ্ছিক কার্যাবলীর সামাজিক উন্নয়নের আওতাভুক্ত সেহেতু জেলা পরিষদের কার্যাবলীর আওতাভুক্ত কোন প্রকল্প বাস্তবায়নের জন্য (জেলা পরিষদ চত্বরে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম) জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে আলাদাভাবে কোন সম্মানী দেয়া যাবেনা।


(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lga.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, সুনামগঞ্জ।

অনুলিপিঃ (জ্ঞাতার্থে/কার্যার্থে) :

১। প্রশাসক, জেলা পরিষদ, সুনামগঞ্জ।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।